৮। সুফিয়া খাতুন, পতি-সুরুজ মিঞা.

সাং-রাইপুর

৯। মোবারক হোসেন

১০। মফিজুল হক

১১। নজির আহাম্মদ

পিতা-জয়নাল আবেদিন, সাং দঃ জয়নগর।

মৃত আম্বিয়া খাতুন এর ওয়ারিশ

পুত্রঃ ১২(ক) জসিম উদ্দিন

১২(খ) বশির উল্যা

১২(গ) আবুল কালাম

সর্বপিতা-মৃত ইব্রাহিম খলিল

সাং-শিকারপুর, থানা-সদর দক্ষিণ।

১২(ঘ) নাছিমা আক্তার, পতি-আঃ লতিফ

সাং-কসুমবাড়ী, থানা-সদর দক্ষিণ।

১২(ঙ) রোকেয়া বেগম, পতি-মোঃ মারুফ

সাং-ছোট শাহুরা, থানা-বরুড়া, জেলা-কুমিল্লা।

১৩। আবদুল মালেক

১৪। আবদুল খালেক

উভয় পিতা-আবদুল ছামাদ

সাং-দঃ জয়নগর।

১৫। মোঃ নুরুল আমিন

১৬। মোহাম্মদ আলী

উভয় পিতা-আবদুল ছামাদ

সাং-দঃ জয়কামতা

সর্বথানা-লাকসাম, জিলা-কুমিল্লা।

.........বাদীগণ।

-বনাম-

১। আলী হোসেন

২। আহাম্মদ হোসেন

৩। জয়নাল আবদিন

সর্বপিতা-মৃত ইয়াকুব আলী

সাং-দঃ জয়কামতা।

৪(ক) স্ত্রী বকফুলের নেছা,

পতি-মৃত আলী আজম

৪(খ) পুত্র আঃ মালেক

৪(গ) কন্যা মরিয়ম বিবি

সর্বপিতা-মৃত আলী আজম, সাং-বাইপুর,

পোঃ শাহতলী, থানা-লাকসাম।

৪(ঘ) কন্যা নাছিমা আক্তার, পতি-নাছির

আহাম্মদ, সাং-জগৎপর, থানা-কোতয়ালী,

জিলা-কুমিল্লা।

Amended vide order dated 17.04.2000.

............বিবাদীগণ।

৫। আয়েশা খাতুন, পতি-মৃত মীর হোসেন,

সাং-মান্দারি, উপজিলা-লাকসাম, কুমিল্লা।

..........মূল বিবাদীগণ।

মৃত নছর উদ্দিনের ওয়ারিশঃ-

৬। ওছমান আলী, পিতা-মৃত নছর উদ্দিন,

সাং-রাইপুর

৭। সিরাজুল হক, পিতা-ঐ, সাং- দঃ হাজতীয়া

৮। আমির হোসেন, পিতা-ঐ, সাং-ঐ

৯। কর্তন আদেশ নং ২২, তাং- ১/৪/১৯৯২

১০। আবিদা খাতুন, পতি-আলী আকবর,

সাং-উঃ জয়কামতা।

মৃত মির হোসেনের ওয়ারিশঃ

১১। স্ত্রী আয়েশা খাতুন, সাং-মানদারী

১২। আলেক হোসেন, সাং-ঐ

১৩। আবদুল কাদের, সাং-ঐ

১৪। রাবেয়া খাতুন, সাং-ঐ

১৫। সাজেদা বেগম, সাং-ঐ

১৬। রেহানা বেগম, সাং-ঐ

পিতা-মৃত মির হোসেন, সাং-মান্দারী,

উপজিলা-লাকসাম, জিলা-কুমিল্লা।

মৃত আমির উদ্দিনের ওয়ারিশঃ

১৭। কর্তন Amended vide order No.

92 of 23.03.95

১৮। ফাতেমা খাতুন, পতি-মৃত নছর উদ্দিন,

সাং-মান্দারী, উপজেলা-লাকসাম।

মৃতঃ কুলছুম বিবির ওয়ারিশঃ

১৯। মরিয়ম বিবি, পিতা-মৃত আলী আজগর,

সাং-মান্দারী

২০। হাজেরা বিবি, পতি-সিরাজুল ইসলাম,

সাং-দক্ষিণ হাজতীয়, উপজেলা-লাকসাম,

জিলা-কুমিল্লা।

....মোকাবিলা বিবাদীগণ।

২১। জয়গুন বিবি, পতি-অজ্ঞাত, সাং-জয়কামতা,

থানা-লাকসাম, জিলা-কুমিল্লা।

২২। চান্দ মিঞা, পিতা-মৃত আবদুল আজিজ,

সাং-লহিপুরা

২৩। রাবিয়া খাতুন, পতি-মৃত আবদুল আজিজ,

সাং-মান্দারিয়া, থানা-কোতয়ালী, জিলা-কুমিল্লা।

৮/৬/৯৮ইং তারিখের আদেশে মৃত ২৪নং

বিবাদীর ওয়ারিশের নাম।

২৪(ক) হাবিবুল্লাহ

২৪(খ) আঃ মান্নান

২৪(গ) নয়ন তারা

২৪(ঘ) জাহেদা বেগম

২৪(ঙ) লহতের নেছা

২৪(চ) মোমেনা খাতুন

সর্বপিতা-মৃত আলী মিয়া

সাং-দক্ষিণ জয়কামতা।

২৫। মোঃ হাবিবুল্লা, পিতা-মৃত আলী মিয়া

২৬। আঃ মন্নান, পিতা-মৃত আলী মিঞা,

সাং-জয়কামতা

২৭। নয়ন তারা, পতি-মৃত কালা মিঞা,

সাং-শাকতলা, থানা-লাকসাম, জিলা-কুমিল্লা।

২৮। জায়েদা খাতুন, পতি-আঃ ছামাদ,

সাং-শাকতলা, থানা-লাকসাম, জিলা-কুমিল্লা।

২৯। নাজতের নেছা, পতি-আঃ হামিদ ওরফে

সুনি মিঞা, সাং-কালিকাপুর, থানা-বরুড়া,

জিলা-কুমিল্লা।

৩০। মোমেনা খাতুন, পতি মোস্তাফিজুর রহমান,

সাং-নোয়াপাড়া, থানা-বরুড়া, জিলা-কুমিল্লা।

৩১(ক) সামছুল হক

৩১(খ) ছলিমুল্লাহ

৩১(গ) কলিমুল্লাহ

৩১(ঘ) রাহেলা বেগম

সর্বপিতা-মৃত আশ্বাদ উল্লাহ

সাং-জয়কামতা

৩১(ঙ) ফিরোজা বেগম, পতি-আলী আকবর,

সাং-জয়কামতা

৩২। নাম কর্তন

৩৩। নাম কর্তন ৮/৬/৯৮ইং তারিখের আদেশ

মতে সংশোধিত।

৩৪। লাল মতি বিবি, পতি-মৃত আঃ কাদের,

সাং-জয়কামতা,

৩৫। আবু জাহের

৩৬। মাসুমা খাতুন

৩৭। ছালহা বেগম

সর্ব পিতা-মৃত আঃ কাদের

৩৮। রহিমা খাতুন, পতি-মৃত আঃ মন্নান,

সাং-হলদিয়া, থানা-লাকসাম, জিলা-কুমিল্লা।

৩৯। রাহাতের নেছা, পতি-আবুল হাশেম,

সাং-রামচন্দ্রপুর, থানা-চৌদ্দগ্রাম, জিলা-কুমিল্লা।

৪০। সামছুন নাহার, পতি-আঃ রব,

সাং-মশকিপুর, থানা-বরুড়া, জিলা-কুমিল্লা।

৪১। আঃ লতিফ, পিতা-মৃত হাজি আবু তালেব,

সাং-দক্ষিণ জয়কামতা

৪২। (ক) ফয়েজ আহম্মদ, পিতা-মৃত আনু মিয়া

৪৩। (খ) রহিমা বেগম, পতি-ইব্রাহিম

৪৪। (গ) হাফেজা খাতুন, পতি-মৃত আনু মিয়া

সাং- দঃ জয়কামতা, থানা-কোতয়ালী,

জিলা-কুমিল্লা।

.........বিবাদীগণ।

৪৫। হাফেজা খাতুন, পতি-আব্বাছ আলী

৪৬। আবু তাহের

৪৭। আবদুল হক

উভয় পিতা-সামছুল হক

৪৮। সামছুল হক, পিতা-মৃত ছলিম উদ্দিন,

সাং-রায়পুর।

৪৯। নূরের নেছা, পতি-মফিজের রহমান,

সাং-রায়পুর, থানা-লাকসাম, জিলা-কুমিল্লা।

৫০। আমেনা খাতুন, পতি-জুলফু মিঞা,

সাং-লক্ষীপর

৫১। আনোয়ার হোসেন

৫২। জাহেদা খাতুন,

উভয় পিতা-সিরাজুল ইসলাম,

সাং- দঃ হাজতিয়া

৫৩। ফজলুর রহমান, পিতা-আনা মিঞা

৫৪। হালিমা খাতুন, পতি-ফজলুর রহমান

৫৫। মোহাম্মদ কামাল হোসেন, পিতা-সিরাজুল ইসলাম, সাং-দক্ষিণ হাজতিয়া, থানা-লাকসাম, জিলা-কুমিল্লা।

৫৬। সহিদ উদ্দিন আহাম্মদ, পিতা-মৃত জহির উদ্দিন আহাম্মদ, সাং-মান্দারী, থানা-লাকসাম, জেলা-কুমিল্লা। ....মোকাবিলা বিবাদীগণ।

মোকদ্দমা ডিক্লারেশন বাবদ দাবী মং ৯৪,৬০০/- টাকা

(আপীল মোকদ্দমার আদেশ নং ১১, তাং- ৯/১/০৭ তারিখের সংশোধিত)

বাদীগণের আবেদন এইঃ-

১। অত্রাদালত ও উপজিলা লাকসামের অন্তর্গত মৌজে দঃ জয়কামতা, রাইপুর ও মানদারী মৌজার নালিশী নিম্ন তপছিলোক্ত সম্পত্তি পক্ষগণের নিয়ত বাসস্থান ও বর্তমান মোকদ্দমার কারণ উপজাত হওয়ায় এই মোকদ্দমা অত্রাদালতে বিচার্য বটে।

২। নালিশী মান্দারিয়া মৌজার সি.আর. ৭নং রায়পুর মৌজার সি.আর. ৪৮নং এবং জয়কামতা মৌজার সি.আর. ১২২নং খতিয়ানের ভূমিতে টুন গাজীর মালিক দখলকার হয় ও ছিল। বিগত সি.আর জরিপের পূর্বে টুন গাজী আমির উদ্দিনকে পুত্র এবং এশা বিবিকে কন্যা রাখিয়া মারা যায়। আমির উদ্দিন $\frac{২}{৩}$ অংশে এবং এশা বিবি $\frac{১}{৩}$ অংশের ভূমিতে মালিক দখলকার হয় ও থাকে। সি.আর জরীপের সময় পরিবারের অভিভাবক ও কার্য্যকারক হিসাবে আমির উদ্দিন তাহার নামে ১ম তফসিলোক্ত ভূমি বাবত ৭নং খতিয়ান ২য় তফসিলোক্ত ভূমি বাবত ৪৮নং খতিয়ান এবং ৩য় তপসিলোক্ত ভূমি বাবত ১২২নং খতিয়ান আমিরদ্দিন নিজ নামে করাইয়া রাখা অধুনা প্রকাশ পায়।

এশা বিবির নামে খতিয়ান না হইলেও তাহাতে এশা বিবির স্বত্ব স্বার্থ মালিকানা ও দখলের কোন হানি হয় নাই। এশা বিবি বসর উদ্দিন ও নজুমদ্দিন ওরফে নছর উদ্দিনকে ২ পুত্র রাখিয়া মারা যায়। তাহারা মাতার ওয়ারিশসূত্রে আইনানুগ অংশে মালিক দখলকার হয় ও থাকে। উল্লেখ্য যে, নজুমদ্দিন ওরফে নছর উদ্দিন ও বছর উদ্দিনের পিতা-মাতা তাহার নাবালক অবস্থায় মারা যায়। ফলে মামা আমির উদ্দিন তাহাদের মান্দারিয়া মৌজায় নিয়া আসে লালন পালন করে। আমির উদ্দিনের কন্যা ফাতেমাকে নজুমদ্দিন ওরফে নছর উদ্দিনের নিকট বিবাহ দেয়। নালিশী ১ম, ২য় ও ৩য় তপছিলোক্ত ভূমি ভূম্যাধিকারীগণের মধ্যে মোকদ্দমা হইয়া উপরি স্বত্বের নিলাম হয়। জমিদার হোচ্ছাম হায়দার চৌধুরী উপরি স্বত্ব নিলাম খরিদ করে। জমিদার হোচ্ছাম হায়দার চৌধুরী নালিশী ভূমি ঐক্যে ১/৪/১৩১৮ বাংলা ১৮/৭/১৯১১ইং তারিখের ১৮৫০নং বৃত্তিনামা দলিলমূলে হোচ্ছামিয়া মাদ্রাসা নামে তাহার নিজ নামে প্রতিষ্ঠিত উপরি স্বত্ব অর্থাৎ খাজনা পাওয়ার স্বত্ব দান করে। উক্তরূপে হোচ্ছামিয়া মাদ্রাসা তপসিলোক্ত ভূমির উপরি স্বত্বের মালিক দখলকার হয় ও থাকে। ছৈয়দ হোচ্ছাম হায়দার চৌধুরী নিজেই উক্ত মাদ্রাসার প্রতিষ্ঠাতা ও মুতাওয়াল্লী ছিলেন। নালিশী ভূমির উপরি স্বত্ব নিলাম হওয়ার পর এবং নবাব

ছৈয়দ হোচ্ছাম হায়দার চৌধুরী নিলাম খরিদ করার পর হোচ্ছা মিয়া

মাদ্রাসাকে বৃত্তিনামা দেওয়ার পর নবাব হোচ্ছাম হায়দার চৌধুরী আমির উদ্দিন

এর নিকট তাহার অংশের ভূমি বাবত এবং নগর উদ্দিন ও নজম উদ্দিন ওরফে

নছির উদ্দিন এর নিকট তাহাদের অংশের ভূমি বাবত কবুলিয়ত তলব করে।

নিম্ন তপছিলোক্ত সম্পত্তিতে নগর উদ্দিন ও নছির উদ্দিন দুই সহোদর ভাতা

বিগত ২৭/০৩/১৯১৩ইং সনে কুমিল্লার উত্তর চর্থা নিবাসী সৈয়দ হোচ্ছাম

হায়দার চৌধুরী বরাবরে এক কবুলিয়ত প্রদানে ।১২।। গন্ডা ভূমি বার্ষিক মং

৭।।. আনা জমায় ১৩২০ বাংলা হইতে ১৩২৪ বাংলা মুদ্দত ৫ সনা মেয়াদে

কবুলিয়ত প্রদান করে এবং নালিশী নিম্ন তপছিলোক্ত ।১২।। গন্ডা ভূমিতে

কবুলিয়তমূলে ১২ বৎসরের উর্দ্ধকাল যাবৎ অন্যের বিরুদ্ধে দখলজনিত

উৎকৃষ্টতর রায়তী স্বত্বে মালিক ও দখলকার বিদ্যমান থাকিয়া নালিশী ভূমিতে

বিভিন্ন প্রকার ফসলাদি সৃজনে ও তাহা উপভোগক্রমে রাজস্ব সরকারে রীতিমত

খাজনাদি আদায়ক্রমে মালিক ও দখলকার বিদ্যমান ছিলেন।

৩। নালিশী ভূমির অন্যতম অংশীদার আমির উদ্দিন ও উত্তর চর্থা

নিবাসী সৈয়দ হোচ্ছাম হায়দর চৌধুরী হইতে বিগত ২৭/০৩/১৯১৩ইং সনে

।।৫ গন্ডা ভূমি কবুলিয়ত প্রদানে বার্ষিক মং ১১ টাকা জমায় ১৩২০-১৩২৪

বাংলা পর্যন্ত ৫ সনা মেয়াদি কবুলিয়তমূলে ১২ বৎসরের উর্ধ্বকাল ব্যাপি উপরোক্ত মতে অন্যের বিরুদ্ধে দখলজনিত স্বত্বে মালিক ও দখলকার বিদ্যমান রাজস্ব সরকার রীতিমত খাজনাদি প্রদানে ও নালিশী ভূমিতে বিভিন্ন প্রকার ফসলাদি সৃজনে এবং তাহা উপভোগক্রমে মালিক ও দখলকার বিদ্যমান ছিলেন।

৪। বছর উদ্দিন এক স্ত্রী বিদ্যমানে পরলোকগমন করিলে তাহার সম্মুখ সম্পত্তির কতেক তাহার স্ত্রী ও কতেক তাহার ভ্রাতা নছর উদ্দিন হারাহারি মতে ওয়ারিশসূত্রে মালিক ও দখলকার বিদ্যমান হয়। তৎপর বছর উদ্দিনের স্ত্রীর প্রাপ্য অংশে ১-৪নং বাদীর পিতার নিকট বিক্রি করে। তৎপর নছর উদ্দিন ৬-৮নং মেকাবিলা বিবাদী ও অধুনা মৃত মির হোসেনকে ৪ পুত্র ৯/১০নং মোকাবিলা বিবাদীগণকে ২ কন্যা ও ১৮নং বিবাদীনিকে একস্ত্রী ওয়ারিশ বিদ্যমানে লোকান্তরিত হয়। তৎপর মির হোসেন ১১-১৬নং মোকাবিলা বিবাদীগণকে ওয়ারিশ বিদ্যমানে পরলোকগমন করে।

৫। ৬-১৬নং মোকাবিলা বিবাদীগণ নছরদ্দিনের ওয়ারিশ সূত্রে ।/১২।। গন্ডা ভূমিতে মালিক ও দখলকার থাকিয়া বাদীগণের নিকট বিভিন্ন কবলামূলে বিক্রি করিয়া উক্ত ভূমি হইতে সম্পূর্ণভাবে নিঃস্বত্ববান হয় ও

থাকে। তবে আইনের কূটতর্ক নিবারনার্থে তাহাদিগকে মোকাবিলা বিবাদী শ্রেণীভুক্ত করা গেল।

৬। নালিশী ভুমির অন্যতম অংশীদার আমির উদ্দিন নালিশী সম্পত্তিতে ।।৫ গন্ডা সম্পত্তি কবুলিয়তমূলে মালিক ও দখলকার বিদ্যমান থাকিয়া ১৭নং বিবাদীনি ও অধুনামৃত কুলছুমকে ২য় স্ত্রীর গর্ভজাত ২ কন্যা ওয়ারিশ বর্তমানে পরলোকগমন করে। কুলছুম বিবি ১৯/২০নং মোকাবিলা বিবাদীগণকে ওয়ারিশ বর্তমানে পরলোকগমন করিলে ১৯/২০নং মোকাবিলা বিবাদীগণ তাহাদের সম্যক অংশ বিভিন্ন ব্যক্তির নিকট বিক্রি করিয়া নালিশী ভূমি হইতে সম্পূর্ণ নিঃস্বত্ববান হয়। তৎপর আমির উদ্দিন ৩য় স্ত্রীর গর্ভজাত অধুনামৃত অলি আহাম্মদ ও আলী আহাম্মদকে ২ পুত্র ও ফাতেমাকে ১ কন্যা ও অধুনা জয়নব বিবিকে ১মা স্ত্রীর গর্ভজাত ১ কন্যা ওয়ারিশ বর্তমানে পরলোকগমন করে।

৭। আমির উদ্দিনের পুত্র অলি আহাম্মদ অবিবাহিত অবস্থায় ভ্রাতা আলী আহাম্মদকে ও ভগ্নি ফাতেমা ওয়ারিশ বর্তমানে পরলোকগমন করে। তৎপর আলী আহম্মদ অধুনা মৃত এক স্ত্রী বর্তমানে পরলোকগমন করে। পরবর্তীকালে আলী আহম্মদ এর স্ত্রী তাহার সম্যক সম্পত্তি সত্যাংশ

আমিরুদ্দিনের কন্যা ১৮নং মোকাবিলা বিবাদীনির বরাবরে এক না দাবী প্রদানে নালিশী ভূমি হইতে নিঃস্বত্ববান হয়।

৮। আমিরুদ্দিনের কন্যা এলেমজান বিবি নালিশী ভূমিতে পিতৃ ওয়ারিশ সূত্রে হারাহারি মতে মালিক ও দখলকার বিদ্যমান থাকিয়া ৬নং বাদীর নিকট বিগত ৮/১/৭৬ইং তারিখের সম্পাদিত ও রেজিঃকৃত ১৫৩নং দলিলমূলে .১২ শতক ও বিগত ৮/১/৭৬ইং তারিখের সম্পাদিত ও রেজিঃকৃত হেবানামা দলিলমূলে তাহার ২ নাতি নুরুল হক ও আঃ বারিক কে দান করিলে তাহাদের উক্ত .৪৪ শতক ভূমি পিতা সিরাজুল হক স্বাভাবিক অভিভাবক হিসাবে বিগত ২২/১১/৭৯ইং তারিখের সম্পাদিত ও রেজিঃকৃত ১৫৬৬৩, ১৫৬৬৪, ১৫৬৬৫ ও ১৫৬৬৬নং সাফকবলা দলিলমূলে ১-৪নং বাদীগণের নিকট বিক্রি করিলে উক্ত ১-৪নং বাদীগণ ও ৬নং বাদী এলেমজান হইতে খরিদসূত্রে .৫৬ শতক সম্পত্তির মালিক ও দখলকার বিদ্যমান হয় ও আছে।

৯। আমিরুদ্দিনের কন্যা ফাতেমা বিবি, মা, ভাই ও ভগ্নি ও স্বামী নছের উদ্দিনের ত্যাজ্য সূত্রে মালিক ও দখলকার বিদ্যমান থাকিয়া ১-৪নং বাদীগণের পূর্ববর্তী অধুনা মৃত আলী হোসেন এর নিকট বিগত ৮/৪/৫০ইং তারিখের সম্পাদিত ও রেজিঃকৃত ২৯৫৯নং সাফকবলা দলিলমূলে .৬ শতক ও

২/৩/৫৪ইং তারিখের ১৯৯০নং সাফকবলা দলিলমূলে .১২ শতক ও ১-৪নং বাদীগণের নিকট ৪/৪/৭৭ইং তারিখের ৪২৯১নং রেজিষ্টকৃত সাফকবলা দলিলমূলে .২০ শতক একুনে .৩৮ শতক ও ১০/২/৭৬ইং তারিখের এর সম্পাদিত ও রেজিঃকৃত ১৯১৮নং সাফকবলা দলিল মূলে ৫নং বাদীর নিকট .২০ শতক ১১/৩/৭৬ইং তারিখের .৩০৪৯নং সাফকবলা দলিলমূলে ৯-১১নং বাদীর নিকট .১৬ শতক. ৪/৪/৭৭ইং তারিখের ৪২৯২নং সাফকবলা দলিলমূলে উক্ত ৯-১১নং বাদীর নিকট .[illegible] শতক ৪/৩/৭৬ইং তারিখের ২৭৩৯নং সাফকবলা দলিলমূলে ৮নং বিবাদীনির নিকট .১২ শতক ১৮নং বিবাদীনি একুনে সর্বমোট .৯১ শতক ভূমি বাদীগণের নিকট বিক্রি করিয়া নালিশী ভূমি হইতে সম্পূর্ণ নিঃস্বত্ত্বান হয়।

১০। মোকাম কুমিল্লার ৪র্থ মুন্সেফী আদালতের ১৯৭৮ইং সনের [illegible] নং মোকদ্দমায় ৬ ও অন্যান্য মোকাবিলা বিবাদীগণের মধ্যে সোলেমুলে ৬নং মোকাবিলা বিবাদী ২.০০ একর সম্পত্তির মালিক হয় ও থাকেন। ৬নং মোকাবিলা বিবাদী মাতা[illegible] ওয়ারিশগণে ও সোলেনামার মর্মমূলে নালিশী ভূমি আন্দরে ১-৪নং বাদীগণের নিকট বিগত ১৬/০২/৭৮ইং তারিখের ২২৬১নং সাফকবলা দলিলমূলে .২০ শতক, ১৩-১৫নং বাদীগণের নিকট বিগত

২৮/১/৭৮ইং তারিখের ৯৮০নং দলিলমূলে .২৬ শতক, ১৩-১৬নং বাদীর নিকট বিগত ০৪/১০/৭৭ইং তারিখের ৫৯৯০নং দলিলমূলে .১২ শতক বিক্রি করে।

১১। নছর উদ্দিনের ছেলে ১১-১৬নং মোকাবিলা বিবাদীগণের পূর্ববর্তী অধুনা মৃত মির হোসেন নালিশা জমিতে পিতার ওয়ারিশ সূত্রে ও ৪র্থ মুন্সেফী আদালতের ১৯৭৮ইং সনের ৭২ নং মোকদ্দমার ছোলেমূলে প্রাপ্ত ভূমি হইতে বিগত ৩১/৩/৭৭ইং তারিখের ৩৬৫৯নং দলিলমূলে ১৩-১৬নং বাদীগণের নিকট .৮ শতক ও নছর উদ্দিনের পুত্র ৭নং মোকাবিলা বিবাদী সিরাজুল হক পিতার ওয়ারিশ সূত্রে ও ১৯৭৮ইং সনের ৭২নং দেঃ মোঃ ছোলেমূলে প্রাপ্ত ভূমি হইতে বিগত ২০/৭/৭৮ইং ১৩৫৮০নং সাফকবলা দলিলমূলে .২৮ শতক ভূমি ১-৪নং বাদীর নিকট ১৫/২/৭৯ইং তারিখের ২৫৩০নং সাফকবলা দলিলমূলে ২নং বাদীর নিকট .১৯$\frac{১}{২}$ শতক ঐ তাং ২৫২২ দলিলমূলে ৪নং বাদীর নিকট .১৯$\frac{১}{২}$ শতক ঐ তারিখের ২৫২৯নং দলিল মূলে ১নং বাদীর নিকট .১৯$\frac{১}{২}$ শতক ভূমি ও একই তারিখ ২৫২১নং দলিলমূলে .১৯$\frac{১}{২}$ শতক ভূমি ৩নং বাদীর নিকট বিক্রি করিয়া নালিশী ভূমি হইতে সম্পূর্ণ নিঃস্বত্ববান

হয় এবং উক্ত ভূমিতে বাদীগণ খরিদা সূত্রে মালিক ও দখলকার বিদ্যমান হয় ও আছে।

১২। নছর উদ্দিনের পুত্র ৬-৮নং ও অধুনা মৃত মির হোসেন নালিশী ভূমিতে পিতার ওয়ারিশ সূত্রে মালিক ও দখলকার বিদ্যমান থাকিয়া ৮/৫/৭২ইং তারিখের ২৬৮২নং সাফকবলা দলিলমূলে ১/২নং বাদীগণের নিকট .৩৫$\frac{১}{২}$ শতক ঐ তাং এর ২৬৮৩নং দলিলমূলে ৩/৪নং বাদীর নিকট .৩৫$\frac{১}{২}$ শতক, ৬-৮নং মোকাবিরা বিবাদী ও অধুনা মৃত ১২-১৭নং মোকাবিলা বিবাদীগণের পূর্ববর্তী মির হোসেন আমিরুদ্দিনের মেয়ে অধুনা মৃত কুলছুম হইতে খরিদসূত্রে মালিক ও দখলকার বিদ্যমানে বিগত ১৮/৩/৭৬ইং তারিখের ৩৩৫৬নং দলিলমূলে ৬নং বাদীর নিকট .০২ শতক ৭নং মোকাবিলা বিবাদী বিগত ৮/১/৭৬ইং এর ১৫৫নং দলিলমূলে ঐ বাদীর নিকট .০২ শতক ৬নং ও ১২-১৭নং মোকাবিলা বিবাদীগণের পিতা বিগত ২০/২/৭৬ইং তারিখের ১৯১৭নং দলিল মূলে ঐ বাদীর নিকট .০৪ শতক ভূমি বিক্রি করিয়া নালিশী ভূমি হইতে নিঃস্বত্ববান হয় আমির হোসেন তাহার নাবালক পুত্র আনোয়ার হোসেন স্বাভাবিক হইয়া বিগত ২/১২/৭৮ইং তারিখের ৮১০৫নং দলিলমূলে .১৯ শতক ভূমি ৭নং বাদীর নাবালক পুত্র আবুল কালাম ও আবুল হাসেম এর

নিকট বিক্রি করে। নছর উদ্দিনের পুত্র অধুনা মৃত মির হোসেন ১৩নং মোকাবিলা বিবাদীর স্বাভাবিক অভিভাবক হিসাবে বিগত ১২/২/৭৭ইং ১৭১৮নং রেজিঃকৃত সাফকবলা দলিলমূলে ঐ বাদীর নাবালক পুত্রগণের নিকট .১০ শতক সম্পত্তি বিক্রি করিয়া নালিশী ভূমি হইতে সম্পূর্ণ নিঃস্বত্ত্ববান হয় ও থাকে। নছর উদ্দিনের পুত্র ৬-৮নং ও ১২-১৭নং মোকাবিলা বিবাদীগণের পূর্ববর্তী অধুনা মৃত মীর হোসেন বিগত ১০/০২/৬৮ইং তারিখের ১৪৭০নং সাফকবলা দলিলমূলে ২০ শতক ৭নং বাদীর নিকট বিক্রি করিয়া নালিশী ভূমি হইতে সম্পূর্ণ নিঃস্বত্ত্ববান হয় ও থাকে।

১৩। আমিরুদ্দিনের কন্যা কুলছুমের কন্যা ১৯/২০নং মোকাবিলা বিবাদীগণ বিগত ১৮/০৩/৭৬ইং তারিখের ৩৩৫৫নং সাফকবলা দলিলমূলে ৫নং বাদীর নিকট .১২ শতক ভূমি বিক্রি করে।

১৪। নছর উদ্দিন ও বছর উদ্দিনের জীবিত অবস্থায় নালিশী ২৭/০৩/১৯১৩ইং তারিখের কবুলিয়ত মূলীয় ।/১২।। গন্ডা ভূমি হইতে বিগত ১২/৬/১৯ইং তারিখ ১২নং বাদীনির পিতার ওয়ারিশসূত্রে .৭১ শতক ভূমির মালিক ও দখলকার বিদ্যমান হয় ও থাকে।

১৫ : এইরূপে ১-১৬নং বাদীগণ নছর উদ্দিন ও বছর উদ্দিনের ও আমিরুদ্দিনের ওয়ারিশান হইতে বিভিন্ন তারিখের রেজিঃকৃত সাফকবলা দলিলমূলে মোট ৫.৩০ শতক ভূমিতে দ্বাদশ বৎসরের উর্দ্ধকাল যাবৎ অন্যের বিরুদ্ধে দখল জনিত উৎকৃষ্টতর স্বায়তি স্বার্থ মালিক ও দখলকার বিদ্যমান থাকিয়া নালিশী ভূমিতে বিভিন্ন প্রকার ফসলাদি সৃজন ও তাহা উপভোগ ক্রমে ও নালিশী ৩ দাগের দাগের পুকুরে মাছ জিয়াইয়া ও ধরিয়া ও নালিশী ৫৯ দাগে বশত ১-৪নং বাদীগণ গৃহাদি উত্তোলন ক্রমে তাহাতে বসবাস করিয়া ও রাজস্ব সরকারে রীতিমত খাজনাদি আদায় ক্রমে মালিক ও দখলকার বিদ্যমান হয় ও থাকে।

১৬। বিগত রিভিশনাল জরীপামলে নালিশী ভূমি সম্পর্কে মান্দারী মৌজায় ১৮/১৯/২০নং রিভিশন খতিয়ান বাদীগণের ভায়া আমিরুদ্দিনের ওয়ারিশগণের নামে লিপি হইয়া চূড়ান্ত প্রচারিত হইয়াছে ও জয়কামতা মৌজায় ২০৭, ১৯০ ও রায়পুর মৌজায় ১৮নং খতিয়ান, জয়কামতার ২০৬নং খতিয়ান নছর উদ্দিনের নামে লিপি হইয়া চূড়ান্ত প্রচারিত হইয়াছে ও মান্দারী মৌজায় ৫নং খতিয়ান ১-৪নং বাদীগণের পূর্ববর্তী অধুনা মৃত আলী হোসেন এর নামে খরিদ সূত্রে .৭৩ শতক ভূমির বাবত উক্ত খতিয়ান লিপি হইয়া চূড়ান্ত প্রচারিত

হইয়াছে। নালিশী ৫৫৩ দাগে .৭১ শতক ভূমির বাবত রাইপুর মৌজার ৭৫ রিভিশনাল খতিয়ান ১২নং বাদীনির পিতা আলতাফ আলীর নাম লিপি হইয়া চূড়ান্ত প্রচারিত হইয়াছে।

১৭। মূল বিবাদীগণ দুর্লোভের বশবর্তী হইয়া বাদীগণের খরিদা নালিশী ভূমি অন্যায়ভাবে গ্রাস করার কুমতলবে এবং তাহাদের হীন স্বার্থ, চরিতার্থ করার মানসে নালিশী ভূমি সম্পর্কে নিঃস্বত্ত্ববান ১৭-১৮নং মোকাবিলা বিবাদী হইতে নালিশী ভূমির বাবত দুইটি সম্পূর্ণ জাল, বানাউটি, কাল্পনিক দলিল সৃষ্টি করিয়া একটি ৮০৫৬নং এবং ১৪/১২/৬৮ইং তারিখের ভূমির পরিমাণ ১.৪৫ শতক বসায় এবং অপরটিতে ৫০৪২নং তাং ৩/৬/৬৯ইং তারিখের ও ভূমির পরিমাণ ৩.৬৭ বসাইয়া মোকাম কুমিল্লার ৩য় সাবজজ আদালতে ৭৮/৮১নং দেঃ বন্টনের ও ৪র্থ মুন্সেফী আদালতে ৩০৫/৮১ইং নিষেধাজ্ঞার মামলা করে। ৭৮/৮১নং দেওয়ানী মোকদ্দমায় আরজির ৩য় দফায় এবং ৩০৫/৮১নং নিষেধাজ্ঞার মামলার আরজির ৩য় দফায় উক্ত জাল ও কাল্পনিক দলিলের কথা উল্লেখ করে, উক্ত জাল দলিল ১৪ গ্রাম সান রেজিষ্ট্রি অফিসে রেজিষ্ট্রি দেখায়। প্রকৃত পক্ষে উক্ত দলিল অদ্যাপি বর্তমান কালেও ১৪ গ্রাম বা অন্য কোন কোথায়ও রেজিষ্ট্রি হয় নাই।

মোকাম কুমিল্লার ৩য় সাব জজ আদালতে ৭৮/৮১নং দেং বন্টন ও ৪র্থ মুন্সেফ আদালতে ৩০৫/৮১নং স্থায়ী নিষেধাজ্ঞা মামলা যাহা বর্তমানে লাকসাম উপজেলা মুন্সেফী আদালতে বিচারাধীনে আছে তাহা আনয়ন করিয়া বাদীগণের নালিশী খরিদা ভূমির স্বার্থের উপর কালিমা পতিত হইয়াছে এবং উক্ত কালিমা দূরী করনের জন্য বাদীগণ অত্রাদালতের এলাকায় নালিশী ভূমির রায়তি স্বত্বের ঘোষণা পাওয়ার জন্য এবং বিবাদী গণের উল্লেখিত কাল্পনিক দলিল দুইটি জ্বাল ঘোষণা করার জন্য এই মোকদ্দমা করিতে বাধ্য হইলেক।

এখানে প্রকাশ থাকা আবশ্যক যে, বাদীগণ পর পর লোক মারফত জানিতে পারিয়াছে তাহাদিগকে পক্ষভুক্ত না করিয়া বিবাদীগণ তাহাদের অজ্ঞাতে ও অসাক্ষাতে তাহাদের বিরুদ্ধে মোকাম কুমিল্লার ৩য় সাব জজ আদালতে ৭৮/৮১ইং নং বন্টনের মামলা ও ৩০৫/৮১ইং নং নিষেধাজ্ঞার মোকদ্দমা একতরফাসূত্রে ডিক্রি হাসিল করার অপচেষ্টায় লিপ্ত আছে। বাদীগণের অজ্ঞাতে ও অসাক্ষাতে তাহাদের বিরুদ্ধে উপরোক্ত মোকদ্দমা একতরফা ডিক্রি হাসিল করিলে ও উক্ত একতরফা ডিক্রী দ্বারা বাদীগণ বাধ্য নহে। আরও প্রকাশ থাকা আবশ্যক যে, ২২/৫১/৫২/৫৪নং বিবাদীগণ পরস্পর যোগাযোগে মিথ্যাভাবে ৪র্থ ও ৫ম তপছিলোক্ত কবলা দলিল সৃজন

করা প্রকাশ পায়। উক্ত কবলা দলিল দুইটি অকার্য্যকরী পন্ড বাতিল দলিল বটে। বাদীগণ উক্ত দলিল দ্বারা ও বাধ্য নহে। ঐ দলিল দুইটি অকার্য্যকরী ইত্যাদি মর্মে ঘোষণামূলক ডিক্রী পাওয়া আবশ্যক উক্ত দলিল দ্বারা ঐ ঐ দলিলের গ্রহিতাগণের ঐ ঐ দলিলের ভূমিতে স্বত্ব, স্বার্থ মালিকানা ও দখলের উদ্ভব হয় নাই বা হওয়ার কারণ।

১৮। বাদীগণ উক্ত জাল কবলার বিষয় মোকাম কুমিল্লার ৪র্থ মুন্সেফী আদালতের ৩০৫/৮১ইং মোকদ্দমা [illegible] মুনসেফী আদালতে বিচারাধীন আছে। তাহা বিগত ২৮/১১/৮৪ইং তারিখে জানিতে পারিয়াছে এবং উক্ত তারিখগতে অত্রাদালতের এলাকায় বাদীগণের এই নালিশের কারন উপজাত হইয়াছে। এতদব্যতীত অত্র মোকদ্দমা চলিত অবস্থায় মূল বিবাদীগণ অত্র আদালতের $\frac{১/০৪}{৭/৮৪}$ ইং নম্বর ডিক্রী জারী [illegible]

মোকদ্দমার বরাতে ৩০/৯/[illegible] [illegible] ভূমি হইতে উচেছদ করে ও বাদীগণের ঘর-দরজা ভাজিয়া নালিশী ভূমিতে দখল গ্রহণ করে। ঐ তারিখ হইতে নালিশী ভূমি বাদীগণের দখলে নাই। তৎহেতু বাদীগণ নালিশী ভূমিতে স্বত্ব সাব্যস্তক্রমে খাস দখলের প্রার্থনা

করিয়াছে। উক্ত ৩০/৯/১৪ইং তারিখে বাদীগণের মামলার কারণ উপজাত

হয়।

১৯। নালিশী ভূমির মোট পরিমাণ ৫.৩০ শতক। প্রতি শতকের মূল্য

১০০/- টাকা হিসাবে ৫৩০০০/- টাকা ৭৮/৮১নং মোকদ্দমার তায়দাদ

২৫,৬০০/- টাকা ৪র্থ তপছিল বর্ণিত ১৭/৫/৮০ইং তারিখের দলিলের মূল্য

৮০০০/- টাকা ৫ম তপছিলোক্ত ২৬/১২/৯৫ইং তারিখের দলিলের মূল্য

৮.০০০/- টাকা একুনে মং ৯৪.৬০০/- টাকা এই মোকদ্দমার তায়দাদ বটে

কোর্ট ফি আইনের বিধানমতে দাবীর উপর এডভোলেরাম কোর্ট ফি এবং

প্রতিটি ঘোষণামূলক ডিক্রীর জন্য ৩০০/- টাকা হারে অতিরিক্ত ১২০০/-

টাকার কোর্ট ফি পরিশোধ ক্রমে মোকদ্দমা দায়ের করা গেল।

উপরোক্ত যাবতীয় অবস্থাধীনে ও আরজির লিখিত কারণে বাদীগণের

সবিনয় প্রার্থনা এই যে,

ক) আদালত দয়া প্রকাশে নিম্ন ১ম তফসিলোক্ত ভূমি আন্দরে

বাদীগণের নালিশী ২য় তপছিলোক্ত মোয়াজে ৫.৩০ শতক ভূমি বাবদ স্বার্থে ও

দখলাধিকার থাকা অবধারণে স্বত্ব সাব্যস্তক্রমে বাদীগণকে খাস দখলের ডিক্রী

দিয়া এবং মোকদ্দমা চট্টগ্রাম ৩য় সাব জজ আদালতে ১৯৮১ইং সনের ৭৮নং

দেওয়ানী বন্টনের মোকদ্দমা বিগত ২৬/৮/৮৪ইং তারিখ এ প্রচারিত প্রাথমিক এবং তন্মূলীয় বদলীকৃত ২য় সাবজজ আদালতে ১৯৮৪ইং সনের ২৫১নং মোকদ্দমায় ৭/৮/৮৫ইং তারিখের চূড়ান্ত ডিক্রী পক্ষে বাতিল অকার্যকরী ডিক্রী এবং বাদীগন ঐ ডিক্রী দ্বারা বাদীগণ বাধ্য নহে মর্মে অপর এক ডিক্লারেশন দিতে এবং ৩য় তপছিলোক্ত দলিলদয় জাল, তঞ্চকী, পণপ্রবৃত্তিবিহীন যোগসাজসী হওয়ার মর্মে অপর এক ডিক্লারেশন দিতে এবং ২২নং বিবাদী চান্দ মিঞা দাতা ৫১/৫২নং বিবাদী গৃহীতা নামীয় ৪র্থ তপছিলের বর্ণিত ১৭/৫/৮০ইং তারিখের ৬৪০৪নং কবলা নামধেয় দলিল ও ৫১নং বিবাদী দাতা ও ৫৪নং বিবাদী গৃহীতা নামীয় ৫ম তপছিলোক্ত ২৩/১২/৯৫ইং তারিখের ১৮৬৫২নং কবলা নামধেয় দলিল পক্ষে বাতিল অকার্যকরী এবং বাদীগণের উপর বাধ্যকর নয় মর্মে এক ঘোষণামূলক ডিক্রী দিতে;

খ) সম্যক আদালত ব্যয় জেরসুদসহ ডিক্রী দিতে,

গ) আইন ও ইকুইটি মতে বাদীগণ আর যে যে, বৈধ প্রতিকার ও উপকার পাইতে পারে তাহাও পাওয়ার জন্য ডিক্রি দিতে মর্জি হয়।

১ম তপছিল

জিলা-কুমিল্লা, উপজেলা-লাকসাম মৌজে মানদারী মধ্যে বিগত চাকলা রোশনাবাদ জরীপের ৭নং এবং বিগত এস.এ জরীপের ১৮/১৯/২০নং খতিয়ানভুক্তঃ-

(ক)

ক্রমিক নং	দাগ নং	জমির শ্রেণী	পরিমাণ
১।	৩৮ ৫	ভিটি	.৮০ শতক
২।	৩৯	বাগান	.০৪ শতক
৩।	৪০	নাল	.৬৪ শতক
৪।	৫৯	ছাট	.২৩ শতক
৫।	৬১	ভিটি	.১৯ শতক
৬।	৬২	কুয়ার পাড়	.০৫ শতক
৭।	৬৩	কুয়া	.০৪ শতক
৮।	৬৪	ভিটি	.১৬ শতক
৯।	৬৫	বাগান	.১২ শতক
১০।	৬৬	ধশত	.২৭ শতক
১১।	৬৭	পাড়	.১২ শতক
১২।	৬৮ ১০৪	ভিটি	.০৬ শতক
		মোট	২.৭২ শতক

(খ)

জিলা-কুমিল্লা, উপজেলা-লাকসাম মৌজে মানদারী মধ্যে বিগত চাকলা রোশনাবাদ জরীপের ৪৮নং খতিয়ান এবং বিগত এস.এ জরীপের ৩২ ও ১০২নং খতিয়ানভুক্তঃ-

ক্রমিক নং	দাগ নং	জমির শ্রেনী	পরিমাণ
১।	৫৩২	নাল	.৫৬ শতক
২।	৫৩৩	নাল	.৫৪ শতক
৩।	৫৫৩	নাল	.৭১ শতক
		মোট =	১.৮১ শতক

(গ)

জিলা-কুমিল্লা, উপজেলা-লাকসাম মৌজে জয়কামতা মধ্যে বিগত চাকলা রোশনাবাদ জরীপের ১২২নং খতিয়ান এবং এস.এ জরীপের ১৯০ ও ১৯১নং খতিয়ানভুক্তঃ-

ক্রমিক নং	দাগ নং	জমির শ্রেনী	পরিমাণ
১।	৭২৫	নাল	.৭১ শতক
২।	৭১৪	নাল	.১৫ শতক
৩।	৮৬৯	নাল	.৯৩ শতক
		সর্বমোট =	১.৭৯ একর

সর্বমোট ৬.৩২ একর

২য় তপছিল (নালিশী)

জিলা-কুমিল্লা, উপজেলা-লাকসাম মৌজে মানদারী মধ্যে বিগত চাকলা রোশনাবাদ জরীপের ৭নং এবং বিগত এস.এ জরীপের ১৮/১৯/২০নং খতিয়ানভুক্তঃ-

(ক)

ক্রমিক নং	দাগ নং	জমির শ্রেণী	পরিমাণ
১।	৩৮ ৫	ভিটি	.৭০ শতক
২।	৩৯	বাগান	.০৪ শতক
৩।	৪০	নাল	.৬৪ শতক
৪।	৬১	ভিটি	.১৯ শতক
৫।	৬২	কুয়ার পাড়	.০৫ শতক
৬।	৬৩	কুয়া	.০৪ শতক
৭।	৬৪	ভিটি	.১২ শতক
৮।	৬৫	বাগান	.১২ শতক
৯।	৬৬	বশত	.২৭ ডিং
১০।	৬৭	গড়	.১২ ডিং
১১।	৬৮ ১০৪	ভিটি	.০৬ ডিং
			২.৩৫ ডিং

235
125
148
502

(খ)

জিলা-কুমিল্লা, উপজেলা-লাকসাম মৌজে রাইপুর মধ্যে বিগত চাকলা রোশনাবাদ জরীপের ৪৮নং খতিয়ান এবং বিগত এস.এ জরীপের ৩২ ও ১০২নং খতিয়ানভুক্তঃ-

ক্রমিক নং	দাগ নং	জমির শ্রেনী	পরিমাণ
১।	৫৩২	নাল	.৫৬ শতক
২।	৫৩৩	নাল	.০২ শতক
৩।	৫৫৩ ৩	নাল	.৭১ শতক
			১.২৯ ডিং

(গ)

জিলা-কুমিল্লা, উপজেলা-লাকসাম মৌজে জয়কামতা মধ্যে চাকলা রোশনাবাদ জরীপের ১২২নং খতিয়ান এবং এস.এ জরীপের ১৯০ ও ১৯১নং খতিয়ানভুক্তঃ-

ক্রমিক নং	দাগ নং	জমির শ্রেনী	পরিমাণ
১।	৭২৫	নাল	.৭১ শতক
২।	৭১৪	নাল	.১৫ শতক
৩।	৮৬৯	নাল	.৬২ শতক
			১.৪৮ শতক

৩য় তপছিল

মোকাম কুমিল্লার ৩য় সাব জজ আদালতের ১৯৮১ইং সনের ৭৮নং দেওয়ানী বন্টন মোকদ্দমার আরজির ৩য় দফার বর্ণনামতে ও ২২/২/৮২ইং এবং ফিরিস্তিযোগে আদালতে দাখিলকৃত দলিল যাহার নং ৫০৪২, তাং- ৩/৬/৬৯ইং তারিখ এবং ৮০৫৬নং দলিল তাং- ১৪/১২/৬৮ইং তারিখে এবং লাকসাম, উপজেলা মুন্সেফী আদালতের ৩০৫/৮১ইং যাহার বর্তমান নং ৫১৬/৮৪ইং আরজির ৩য় দফায় উল্লেখিত ৫০৪২, তাং- ৩/৬/৬৯ইং এবং ৮০৫৬ তাং ১৪/১২/৬৮ইং দলিল দুইটি এবন্দা কাল্পনিক, জাল, বানাউটি, তঞ্চকী, যোগসাজশী ও অকার্যকরী বটে।

৪র্থ তপছিল

জেলা-কুমিল্লা, থানা-লাকসাম, সাব-রেজিস্ট্রি অফিসের ১৭/৫/৮০ইং তারিখের ৬৪০৪নং কবলা দলিল। যাহার দাতা চান্দ মিয়া পিতা-মৃত আঃ আজিজ, সাং-লক্ষীপুর, থানা-কোতয়ালী গ্রহিতা, ১। ফজলুর রহমান, পিতা-আনা মিয়া, ২। হালেমা খাতুন, পতি-ফজলুর রহমান, সাং-মান্দারী, থানা-লাকসাম, জিলা-কুমিল্লা।

৫ম তফছিল

জিলা-কুমিল্লা, থানা-লাকসাম, সাব-রেজিষ্ট্রি অফিসের ২৩/১২/৯৫ইং তারিখে ১৮৬৫২নং কবলা দলিল। যাহার গ্রহিতা সহিদ উদ্দিন আহাম্মদ, পিতা-মৃত জহির উদ্দিন আহাম্মদ, সাং-মান্দারী, থানা-লাকসাম এবং দাতা ফজলুর রহমান, পিতা-মৃত আনা মিয়া, সাং-মান্দারী, থানা-লাকসাম, জিলা-কুমিল্লা।

সত্যপাঠ

উপরে বর্ণিত বিবরণ আমার জ্ঞান ও বিশ্বাসমতে। ইহার অংশ মিথ্যা নহে বা কোন অংশ গোপন করি নাই। অদ্য ২৯/১১/৮৪ইং তারিখ আমার নিযুক্তীয় এডভোকেট সাহেব এর চেম্বারে বসিয়া আমার নিজ নাম স্বাক্ষর করিলাম।

ইতি।

তারিখ- ১/১২/৮৪ইং